



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রামু, কক্সবাজার

www.bbs.ramu.coxsazar.gov.bd

বি: দ্র: অত্র নিয়োগ সম্পূর্ণ
অস্থায়ী/ শুমাত্র শুমারী
চলাকালীন সময়ের জন্য।



স্মারক নং-৫২.০১.২২৬৬.০০০.১৪.০২৩.২১-০০২

তারিখ: ১২/০৮/২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনাকার্যক্রমে 'তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুমাত্র কক্সবাজার জেলার রামু উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১) নূন্যতম স্নাতক/সমমান পাস হতে হবে। তবে পূর্বে কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। ২) স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) নিজ ওয়ার্ড/ইউনিয়নের অধীন সকল গ্রাম/মৌজা সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে। ৪) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তথ্যসংগ্রহকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১) নূন্যতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। তবে পূর্বে কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। ২) স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) নিজ ওয়ার্ড/ইউনিয়নের অধীন সকল গ্রাম/মৌজা সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে। ৪) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫) পূর্বে কোন শুমারিতে তথ্যসংগ্রহকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

- শর্তাবলী:**
- ১) মূল শুমারিতে (২৫-৩১ অক্টোবর-২০২১) প্রতি তথ্যসংগ্রহকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
 - ২) মূল শুমারিতে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে।
 - ৩) অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) ইত্যাদি এ নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
 - ৪) প্রয়োজনে নিজের গ্রাম/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/গ্রামে কাজ করার মানসিকতা থাকতে হবে।
 - ৫) সকল পদের আবেদন ফরম আগামী ২০/০৮/২০২১ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, রামু কক্সবাজার এ নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদন পত্রের সাথে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে এবং বিকাশ একাউন্টযুক্ত নিজস্ব মোবাইল নম্বর, ইউনিয়নের নাম, মৌজার নাম ও এনআইডি (নিজের এনআইডি না থাকলে মা অথবা বাবার এনআইডি) লিখতে হবে।
 - ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
 - ৭) নির্বাচন পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
 - ৮) খামের উপরে পদের নাম লিখে জমা দিতে হবে।
 - ৯) প্রাথমিকভাবে নির্বাচিত সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণকে আবশ্যিকভাবে স্ব স্ব স্মার্টফোন দিয়ে ঢাকা থেকে পরিচালিত ই-ট্রেনিং এ অংশগ্রহণ করতে হবে। ই-ট্রেনিং এ সফল হলেই কেবল শুমারিতে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী হিসেবে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে।
 - ১০) গত ০৫.০১.২০২০খ্রি: তারিখের বিজ্ঞপ্তিতে আবেদন করে যারা তালিকাকারী/সুপারভাইজার হিসেবে চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই। তবে আবেদন করেও যারা নির্বাচিত হননি, তাদেরকে নতুন করে আবেদন করতে হবে।

অন্যান্য তথ্যাবলী:

- ১) জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.coxsazar.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহের ওয়েবসাইট থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩) আগামী ২১/০৮/২০২১, সকাল ০৯টা (চাকমারকুল, ফতেখীরকুল, রাজারকুল), দুপুর ০২টা (খাউয়ারখোপ, কচ্ছপিয়া) এবং ২২/০৮/২০২১ তারিখ সকাল ০৯টা (জোয়ারিয়ানালা, রশিদনগর, গর্জনিয়া), দুপুর ২টায় (সৈদগড়, খুনিয়াপালং, উত্তর মিঠাছড়ি) উপজেলা পরিসংখ্যান অফিস, রামু, কক্সবাজার এ মৌখিক/লিখিত পরীক্ষা নেয়া হবে।
- ৪) মূল শুমারির জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামু ও উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামু'র নোটিশ বোর্ড/ উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামু'র ওয়েবসাইট (www.bbs.ramu.coxsazar.gov.bd) এ প্রকাশ করা হবে।
- ৫) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রণয় চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার

ও
সভাপতি

তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি

সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, কক্সবাজার।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।
৩. উপজেলা ----- কর্মকর্তা, রামু, কক্সবাজার।
৪. চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার।
৫. অফিস কপি।